কার্পাসডাঙ্গায় মোটরসাইকেলে ট্রাক্টরের ধাক্কা, প্রাণ গেল যুবকের

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মাটিবোঝাই ট্রাক্টরের ধাক্কায় মিনাল হোসেন নামে (২৮) এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

মঙ্গলবার সকাল ৮টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা বাজারের মুচি বটতলা মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিনাল দামুড়হুদা উপজেলার সদাবরি গ্রামের আফতাব হোসেনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে মোটরসাইকেলে কর্মস্থল থেকে বাড়ি ফিরছিলেন মিনাল। কার্পাসডাঙ্গা বাজারের মুচি বটতলা মোড়ে পৌঁছালে মাটি বোঝাই একটি ট্রাক্টর তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় ট্রাক্টরটি উদ্ধার করা গেলেও চালক ইয়ামিন আলী পালিয়ে গেছেন। তাকে ধরতে অভিযান অব্যাহত রয়েছে

আলমডাঙ্গায় মাদক সেবনের অপরাধে মাদকসেবীর ১ বছরের কারাদণ্ড

আলমডাঙ্গার ঘোষবিলায় মাদক সেবনের অভিযোগে এক যুবককে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে ঘোষবিলা এলাকায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের ঘোষবিলা গ্রামের বাবলুর ছেলে খোকন (৩৭)। সে দীর্ঘদিন গাঁজা সেবন করে আসছিলো।

গাঁজা সেবনের কারণে পরিবারে লোকজনে উপরে নির্যাতন করতো।

এমন সংবাদের ভিত্তিতে জামজামি ফাঁড়িপুলিশ ঘোষবিলা গ্রামে মাদক বিরোধী অভিযান চালায়। এসময় মাদক সেবী খোকনের বাড়ি থেকে ৪ পুরিয়া গাঁজাসহ সরাঞ্জাম উদ্ধার করে।

বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরকে অবহিত করেন। দুপুর ৩ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত হয়ে খোকনকে ১ বছরে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে। এছাড়াও ১ হাজার টাকা জরিমানা করে।

সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি পেলেন সুদিপ্ত কুমার সিংহ

সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি পেলেন দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদিপ্ত কুমার সিংহ।

রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব শেখ শামছুল আরেফীন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ দেওয়া হয়।

বর্তমানে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) দায়িত্ব পালন করছেন তিনি।

সুদীপ্ত কুমার সিংহ বলেন, আমার উপরে অর্পিত রাষ্ট্রের সকল আদেশ ও দায়িত্ব আমি সততা, স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে পালন করবো।

দর্শনায় ৪২০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার ঝাঝাডাঙ্গায় অভিযান চালিয়ে ৪২০ বোতল ফেনসিডিলসহ রুহুল আমিন (৩০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

পুলিশ জানায়, শনিবার রাত সোয়া ৮টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের দিক নির্দেশনায় থানার এসআই তারিফুজ্জামান, এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রামে।

এসময় গ্রামের জনৈক আ. কাদেরের বেগুন ক্ষেতের মধ্যে অভিযান পরিচালনাকালে ভুট্টার খড়ির মধ্যে হতে ৪২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ রুহুল আমিনকে গ্রেফতার করা হয়।

গ্রেফতার রুহুল আমিন দর্শনা থানাধীন ঝাঝাডাঙ্গা গ্রামের মৃত কাওছার মোল্লার ছেলে। ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ৪/৫ জনকে পলাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছে পুলিশ।

এবিষয়ে দর্শনা থানার এস,আই সুমন্ত বিশ্বাস বাদি হয়ে মাদক আইনে মামলাসহ তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণে রোভিং সেমিনার অনুষ্ঠিত

আলমডাঙ্গায় কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় রোভিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১০ টায় উপজেলা কৃষি

সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার শহিদ সরোওয়ার্দীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু। সেমিনারটি পরিচালনা করেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

বেগমপুরে জোরপুর্বক উস্তে ও শসা বাগান কেটে সাবাড়

দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামে শরিফুলের উস্তে ও শসা বাগান জোরপুর্বক কেটে দেওয়ার অভিযোগ উঠেছে আওয়ামী লীগ নেতা সেলিমের বিরুদ্ধে। এঘটনায় দর্শনা থানায় করা হয়েছে লিখিত অভিযোগ।

অভিযোগ জানা যায়, ফুরশেদপুর গ্রামের রবিউল হকের ছেলে শরিফুল ইসলাম একই ইউনিয়নের শৈলমারী গ্রামের মৃত সাদেকের ছেলে জহিরুলের নিকট হতে ৭০ হাজার টাকায় ২ বছর চাষাবাদের জন্য ৩ বিঘা ৬ কাঁঠা মাঠান জমি মৌখিক ভাবে বন্ধক গ্রহণ করে।

বন্ধককৃত জমিতে চাষাবাদ শুরু করে শরিফুল। বন্ধককৃত জমির সময়সীমা শেষ হওয়ার পূর্বেই জমিতে থাকা ফলন্ত উস্তের বাণ ও বপনকৃত শসার বীজ নষ্ট করে চাষাবাদের অভিযোগ উঠেছে ইউনিয়নের হরিশপুর উত্তরপাড়ার মৃত আহাদের ছেলে আ.লীগ নেতা সেলিমের বিরুদ্ধে।

অভিযোগে উল্লেখ করা হয়েছে, শর্ত অনুযায়ী জমি লীজের মেয়াদ ২ বছর শেষ না হওয়া পর্যন্ত জমি মালিক জমি নিতে পারবে না। নির্ধারিত সময়ে জমি গ্রহণ করিতে হইলে মালিকপক্ষকে মেয়াদ শেষ হওয়ার ৩ মাস পূর্বে লীজ গ্রহীতাকে জানাতে হবে।

এদিকে সকল শর্ত উপেক্ষা করে ১ মাস ৭ দিন পূর্বে জমির মালিক জাইরুলের প্ররোচনায় ২ নং বিবাদি সেলিম গত ১৫ জুলাই বুধবার সকাল ৮টায় জমি লীজ গ্রহীতাকে না জানিয়ে জোরপূর্বক ভাবে জমিতে থাকা ফসলাদি নষ্ট ও বাণ ভাঙ্গিয়া ফেলে।

এ বিষয়টি জানতে পেরে লীজ গ্রহীতা শরিফুল ইসলাম ২ নং বিবাদীকে এরুপ করার কারণ জিজ্ঞাসা করিলে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ সহ বিভিন্ন ধরনের হুমকী-ধামকী করা হয় বলে অভিযোগ করা হয়েছে।

এঘটনায় শরিফুল ইসলাম বাদি হয়ে দর্শনা থানায় জাইরুল ও সেলিমের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ করেছে।এবিষয়ে সেলিমর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করতে গেলে মোবাইল বন্ধ পাওয়া যায়।

দর্শনায় ভারতীয় থ্রিপিচসহ ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ভারতীয় থ্রিপিচ সহ আব্দুর রউফ ওরফে বাবুকে (৪৫) নামের এক ব্যবসায়ীকে আটক করেছে। শনিবার দুপুরের দিকে তাকে ভারতীয় মালামাল সহ দর্শনা রেলবাজারের ব্যবসা প্রতিষ্ঠান হতে আটক করে।

সে দর্শনা ইসলাম বাজারের রুস্তম আলীর ছেলে ও দর্শনা রেলবাজারের রিফাহ ষ্টোরের ব্যবসায়ী।

পুলিশ জানায়, শনিবার দুপুর আড়াইটার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশনায় থানার এসআই আহম্মেদ আলী সহ সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে চোরাচালান বিরোধী অভিযান চালায় দর্শনা রেলবাজারে।

এ সময় বাজারের রিফাহ ষ্টোরে অভিযান পরিচালনা করে ব্যবসা প্রতিষ্ঠানে থাকা ভারতীয় ১২৭ পিচ থ্রিপিচ উদ্ধার সহ আটক করা হয় ব্যবসায়ী আব্দুর রউফ।

আটক আব্দুর রউফের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের সহ তাকে জেল

হাজতে প্রেরন করেছে।

দর্শনায় গাঁজাসহ ২ যুবক গ্রেফতার

দর্শনা সাড়াবাড়ীয়া-চন্ডিপুর সড়কে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে মাদকদ্রব্য গাঁজা উদ্ধার সহ গ্রেফতার করা হয়েছে দুই মাদক ব্যবসায়ীকে।

এরা হলেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড়বলদিয়া গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে ইমরান হোসেন (২৭) ও একই ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত জয়নাল আবেদিন ওরফে জগের ছেলে অন্তর আলী (২৫)।

পুলিশ জানায়, শনিবার বেলা সোয়া ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশে থানার এসআই তারিফুজ্জামান, এএসআই মারুফুল ইসলাম সহ সংঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা থানাধীন সাড়াবাড়ীয়া-চন্ডিপুর এলাকায়।

এসময় অবৈধ মাদকদ্রব্য গাঁজা বিক্রয়ের উদ্দেশ্যে নিজেদের হেফাজতে থাকা ১ কেজি গাঁজা সহ ইমরান হোসেন ও অন্তর আলীকে গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা রুজু করা হয়েছে। তাদের দুজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার ফরিদপুরে বজ্রপাতে কৃষক নিহত

আলমডাঙ্গার ফরিদপুরে বজ্রপাতে রহিম উদ্দিন (৫৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

শুক্রবার দুপুর আড়াইটার দিকে ফরিদপুর বাগান দোপ মাঠে কৃষি কাজ করার সময় এ ঘটনা ঘটেছে। নিহত রহিম উদ্দিন আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামের বলো জোয়াদ্দারের ছেলে।

ফরিদপুর গ্রামের সাবেক মেম্বার বিপ্লব হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহতের পরিবার জানান, নিহত রহিম মাঠে কৃষি কাজ করছিলেন । প্রচণ্ড ঝড়-বৃষ্টি ও বজ্রপাতের সময় মাঠে ধানের ক্ষেতে আইল কাটছিলো। এসময় হঠাৎ বজ্রপাতে সে ঘটনাস্থলে নিহত হয়। স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি আরো জানান, খবর পেয়ে ফরিদপুরে পুলিশ পাঠানো হয়েছে ।

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর দর্শনায় অভিযান চালিয়েছে। এ অভিযানে দুই প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার সাড়ে ১২টার দিকে দর্শনা রেল বাজারে অভিযান চালায় চুয়াডাঙ্গা জেলার ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এ সময় দর্শনা রেল বাজারের অনন্যা কসমেটিকসের মালিক মিতুলকে কসমেটিকস গায়ে আমদানি কারক মূল্য না থাকায় তাকে ২০০৯ সালের ভোক্তা অধিকার সংরক্ষন আইনে ৪ হাজার টাকা জরিমানা আদায় করেন।

একই অপরাধে বিক্রমপুর ষ্টোরের মালিক মাসুমকে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেন। এ অভিযানে দর্শনা থানার এসআই শামীম রেজাসহ পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।